

নাম: আব্দুল লতিফ

জন্ম তারিখ: ১১ নভেম্বর, ১৯৯৬

শহীদ হওয়ার তারিখ: ২০ জুলাই, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা: অটো চালক,

শাহাদাতের স্থান : ঢাকা মেডিকেলের মর্গ

### শহীদেদের জীবনী

বাংলাদেশের রংপুর জেলার কাউনিয়া থানার বল্লভবিস্মু গ্রামে পিতা মো: নিজাম উদ্দিন (৬৫) এবং মাতা মোসা: নবীয়া বেগমের (৫০) ঘরে ১১ নভেম্বর ১৯৯৬ সালে শহীদ মো: আব্দুল লতিফ জন্মগ্রহণ করেন। শহীদ পিতা কৃষক ও জননী গৃহিণী। বিপ্লবী পরিবারে এক ভাই ও এক বোন রয়েছে। তেজস্বী মহাবীর শহীদ পেশায় একজন রিক্সা চালক ছিলেন। ২০২১ সালে সাহীদা বেগম এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হোন।

যেভাবে শহীদ হলেন আবুল লতিফ

সরকারি চাকরির কোটা নিয়ে ২০২৪ খ্রিষ্টাব্দে জুলাই মাসে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সূচনা হয়। যত দিন যেতে যায় আন্দোলন তীব্র থেকে তীব্রতর আকার ধারণ করে। বাকশাল চেতনা ধারণ করা আওয়ামী সাধারণ সম্পাদক ও বায়তুল কাদেরের বক্তব্যের মাধ্যমে তার গুন্ডা লীগকে কুকুরের মতো ছাত্রজনতার উপর লেলিয়ে দেয়া হয়। পরের দিন ঢাকা এবং ঢাকার বাহির থেকে ট্রাক ও বাস যোগে আওয়ামী টোকাই লীগ ঢাকার বিভিন্ন পয়েন্টে যেমন নারায়নগঞ্জ, চিটাগাং রোড, বাড্ডা, শাহাবাগ, মিরপুর ১০, মিরপুর-১২, উত্তরা, গাজীপুর সহ সারাদেশে নারকীয় তাণ্ডব চালায়। ঐ দিন শত শত ছাত্র, শ্রমিক, নারী, শিশুর জীবনের প্রদীপ নিভে যায়। তাদের মধ্যে একজন শহীদ আব্দুল লতিফ। ঐ দিন ভারত পরিচালিত সরকারের পেট্রুয়া পুলিশ বাহিনী নিরস্ত্র ছাত্র ছাত্রী ও সাধারণ জনগণ এর মধ্যে যে ঘাত প্রতিঘাতের সৃষ্টি হয় সেখানে আহত হন শহীদ আব্দুল লতিফ। তিনি তার পরিবারের মুখে দুমুঠো খাবার তুলে দেওয়ার জন্য ২০ জুলাই ২০২৪ তারিখে বিকাল ৫: ৩০ টায় বাসা থেকে অটো নিয়ে বের হন। অনেক রাত হয়ে যায় কিন্তু আব্দুল লতিফ বাড়িতে না ফেরায় তাঁর স্ত্রী ও পরিবারের সকলে খোঁজাখুঁজি শুরু করে। মৌচাক, চিটাগাং রোড, নারায়নগঞ্জ, আশেপাশের হাসপাতাল সহ সকল স্থানে তাঁর সন্ধান করা হয়। কোন সন্ধান না পেয়ে ঘুঘখোর প্রশাসনের সহায়তায় ২২ জুলাই ২০২৪ ঢাকা মেডিকেলের মর্গে রক্তাক্ত নিখর দেহ খুঁজে পায় তাঁর পরিবার।

রেখে যাওয়া স্মৃতি

শহীদ আব্দুল লতিফ একজন বিনয়ী নম্র ভদ্র স্বভাবের ছিলেন। যখন তার বয়স ১০ বছর তখন থেকে তিনি ও তার ছোট ভাই নানীর কাছে বড় হয়েছেন। খুব অল্প বয়সে পরিবারের হাল ধরেন শহীদ আব্দুল লতিফ। তিনি পরিবারের থেকে দুরে থাকলেও সার্বক্ষণিক পরিবারের খোঁজ খবর রাখতেন। নানীকে খুব ভালোবাসতেন শহীদ। সবসময় তাঁর যত্ন করতেন।

এক নজরে শহীদেদের তথ্য

নাম : আব্দুল লতিফ

পেশা : অটো রিক্সা চালক

জন্ম তারিখ : ১১-১১-১৯৯৬

পিতার নাম : মো: নিজাম উদ্দিন

মাতার নাম : মোসা: নবীয়া বেগম

আহত হওয়ার সময় তারিখ : ২০ জুলাই ২০২৪, বিকাল ৫ : ৩০

স্থায়ী ঠিকানা : জেলা: রংপুর, থানা: কাউনিয়া, গ্রাম: বল্লভবিস্মু